

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।

স্মারক নং-শেকুবি/শিক্ষা ও বৃত্তি/৩(৪১)/২০১৬/৬১৫

তারিখ : ২৯-১২-২০১৬

বিজ্ঞপ্তি


আসন শূন্য থাকায় শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ে ২০১৭ শিক্ষাবর্ষে বিভিন্ন অনুষদে স্নাতক (লেভেল-১, সেমিস্টার-১) শ্রেণিতে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষার ১১-১২-২০১৬ তারিখে প্রকাশিত ফলাফলের অপেক্ষমান তালিকার রোল নম্বরধারীদের মধ্যে যারা ২৮-১২-২০১৬ তারিখ নির্ধারিত সময়ের মধ্যে প্রবেশপত্র জমা দিয়েছে তাদের মধ্য থেকে মেধাক্রম অনুসারে নিম্নবর্ণিত রোলনম্বরধারীদের অত্র বিশ্ববিদ্যালয়ে ভর্তির জন্য নির্বাচিত করা হলো। ভর্তিযোগ্য প্রার্থীদের নিম্নবর্ণিত শর্তাদি অনুসরণপূর্বক বর্ণিত তারিখে ভর্তি করা হবে।

ক্রম. নং	রোল নম্বর	মেধাক্রম	ক্রম. নং	রোল নম্বর	মেধাক্রম	ক্রম. নং	রোল নম্বর	মেধাক্রম
১.	৩২১১৯	১৭	৪.	৪০০১৯	১৯	৭.	২৮৮৫০	১৯
২.	১৬৬০২	১৭	৫.	১৬২১৬	১৯	৮.	২৩২০৭	১৯
৩.	৩৫৩৮০	১৭	৬.	১৩৪২৮	১৯	৯.	২৩০৭৬	১৯

শর্তাদিঃ

- ১। ভর্তিযোগ্য প্রার্থীদের আগামী ০১-০১-২০১৭ তারিখ, রবিবার সকাল ৯.০০ টা হতে দুপুর ১২.০০ টার মধ্যে শেকুবি'র প্রো-ভাইস-চ্যান্সেলর এর অফিস কক্ষে স্ব-শরীরে উপস্থিত থেকে ভর্তি হতে হবে।
- ২। প্রার্থীর অনুষদ পছন্দক্রম ভর্তির দিন নির্ধারিত ফরমে পূরণ করতে হবে।
- ৩। ভর্তির সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্র, ট্রান্সক্রিপ্ট, প্রশংসাপত্র ও ০৪ কপি সত্যায়িত রঙিন ছবি, প্রবেশ পত্র জমা দেয়ার রশিদ সঙ্গে আনতে হবে। এস.এস.সি এর মূল সনদপত্র এবং এস.এস.সি ও এইচ.এস.সি এর মূল ট্রান্সক্রিপ্ট ছাড়া ভর্তি হওয়া যাবে না।
- ৪। ভর্তির সময় বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্তৃক প্রদত্ত স্বাস্থ্য পরীক্ষার সার্টিফিকেট গ্রহণ করতে হবে।
- ৫। প্রার্থী কর্তৃক পরিবেশিত/সরবরাহকৃত কোন তথ্য/ডকুমেন্ট ভুল বা অসত্য প্রমাণিত হলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য বলে গণ্য হবে। এমনকি ভর্তির পরেও কোন তথ্যগত ভুল বা অসত্য ডকুমেন্ট সরবরাহের বিষয় উদঘাটিত হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।
- ৬। ভর্তির জন্য ন্যূনতম ১৯,০০০/- (উনিশ হাজার) টাকা প্রয়োজন হবে। তবে অনুষদ নির্ধারণের পর অনুষদের জন্য প্রযোজ্য হারে অতিরিক্ত ফিস অর্থাৎ এগ্রিবিজনেস ম্যানেজমেন্ট অনুষদের বিবিএ (এগ্রিবিজনেস) এর জন্য ২,০০০/- (দুই হাজার) টাকা, এনিম্যাল সাইন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের জন্য ৪,১৭৫/- (চার হাজার একশত পঁচাত্তর) টাকা পরিশোধ করতে হবে।
- ৭। আগামী ০২-০১-২০১৭ তারিখ সকাল ১০.০০ টায় বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ওরিয়েন্টেশন কর্মসূচি অনুষ্ঠিত হবে এবং ০৩-০১-২০১৭ তারিখে ক্লাশ শুরু হবে।
- ৮। আবাসিক হলে সীটের অপ্রতুলতাহেতু ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের হলে সীট বরাদ্দের আপাতত কোন সুযোগ নেই। আবাসিক হলে সীট বরাদ্দ না পাওয়া পর্যন্ত নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে। তবে ভর্তির সময় প্রত্যেক ছাত্র/ছাত্রীকে কোন না কোন হলে আবাসিক/অনাবাসিক হিসেবে সংযুক্ত থাকতে হবে।

মাননীয় ভাইস-চ্যান্সেলরের অনুমোদনক্রমে,


(শেখ রেজাউল করিম)
রেজিস্ট্রার